

## বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষকদের গবেষণা মঞ্জুরি প্রদান

আজ ২১ জুন ২০১৮ইং তারিখ সকাল ৮টা ৪৫ মিনিটে মাননীয় উপাচার্য মহোদয়ের কার্যালয়ে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত ২৯ জন শিক্ষককে গবেষণা মঞ্জুরি প্রদান করা হয়। গবেষণা মঞ্জুরি প্রদান করেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া। এসময় সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ডা. মোঃ জুলফিকার রহমান খান, এ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, পরিচালক (অর্থ ও হিসাব) মোঃ আব্দুস সোবহান প্রমুখ উপস্থিত ছিলেন।

